২৮।মধ্যপ্রাচ্যের অসংখ্য মহিলারা তাদের পরিবারগুলি থেকে বহিষ্কৃত হয়েছে কারণ তারা খ্রীষ্টকে গ্রহণ করেছে। হে প্রভু, তোমার ভালোবাসা এবং দয়ায় তাদের হৃদয় পূর্ণ করো। (১ যোহন ৩:১)

২৯। হে প্রভু, আমরা তোমার প্রশংসা করি, যে মরোক্কোর মহিলাদের মধ্যে শস্য প্রচুর। নেতৃত্ব সনাক্ত করার জন্য আমাদের দলগুলিকে পথ দেখাও যা এই মহিলাদের পরিচর্যা করতে পারে এবং খ্রীষ্টিয় সহভাগিতা প্রদান করে। (লূক ১০:২)

৩০। হে ঈশ্বর, আরবের ফলো-আপ দলটিকে প্রজ্ঞা এবং সৃজনশীলতা দাও যেহেতু তারা খাদ্য সামগ্রী এবং আর্থিক সাহায্যের অনুরোধগুলি সামলাচ্ছেন। (মথি ৭:১১)

## বাংলাদেশের জন্য বিশেষ প্রার্থনা

১। বর্তমানে বাংলাদেশে ডেংগু জ্বরের প্রভাব বৃদ্ধি পাচ্ছে, যার কারণে অনেক শিশু অকালে ঝড়ে যাচ্ছে। প্রার্থনা করবেন যেন ঈশ্বর বাংলাদেশের মানুষের দিকে মুখ তুলে তাকান।

২। বাংলাদেশে অনেক মহিলা ও যুবতী মেয়েরা সেক্সট্রাফিকিং (Sextrafficking) এর ফাঁদে পরে জীবনে কাল অধ্যায় নেমে আসছে। প্রার্থনা করবেন যেন সেই সমস্থ মেয়েরা যেন সাধারণ জীবনে ফিরে আস্তে পারে।

৩। বাংলাদেশের সর্বস্তরের মানুষ যেন সমাজে নারীদের স্থান নিশ্চিত করে এবং তাদের প্রাপ্য সম্মান দান করে, এবং নারীরা যেন ঈশ্বরের রাজ্য বিস্তারের জন্য অবদান রাখতে পারে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

৪। যে সমস্থ বিশ্বাসীগন বিভিন্ন ভাবে অত্যাচারিত হচ্ছে ঈশ্বর যেন তাদের ঢাল হয়ে সমস্থ বিপদ থেকে রক্ষা করেন এবং তাদের মধ্য দিয়ে বাংলাদেশে যেন ঈশ্বরের রাজ্য বৃদ্ধি পায় এর জন্য প্রার্থনা করবেন।

৫। বাংলাদেশের সরকার এবং যারা বাংলাদেশের সাংগঠনিক দায়িত্বে রয়েছেন তারা যেন দেশ ও দশের জন্য সৎভাবে কাজ করতে এর জন্য বিশেষ প্রার্থনা করবেন।

후원안내

국민은행 851-01-0003-724 북방선교방송

최초 입금 후 사무실로 연락 주시기 바랍니다

# Women of Hope
## Prayer Calendar

২। প্রতি মাসে প্রকাশিত 'প্রত্যাশাময়ী নারী' নামক প্রার্থনা পঞ্জিকাটি ১০০টি ভাষায় অনুবাদিত হচ্ছে, এবং ৬৫০০০ এরও বেশি মানুষ এক সঙ্গে প্রার্থনা করছে।



**2022. 09.**

মধ্য এশিয়ার, মধ্য প্রাচ্য এবং উত্তর আফ্রিকার মহিলাদের জন্য প্রার্থনা

।আরবীয় ভাষায় ইসলাম শব্দের অর্থ 'সমর্পন'এবং তা দাবি করে ঈশ্বরের প্রতি সম্পূর্ণ সমর্পন। এটির আরও এক অর্থ আছে তা হল "শান্তি" এবং এটি বলে যে একমাত্র ঈশ্বরের প্রতি বাধ্যতার মাধ্যমেই এই শান্তি লাভ করা যায়। আসুন প্রার্থনা করি যেন খ্রীষ্ট বিশ্বাসীরা তাদের জীবনের মাধ্যমে সুসমাচার প্রচার করে, যেন ইসলামে বিশ্বাসীরা জানতে পারে যে একমাত্র যীশুই আমাদের পরিত্রাতা।


**TWR Korea 북방선교방송**

서울특별시 관악구 양녕로 15, 월드빌딩 6층

전화 (02)886-5671 / 이메일 phkorea@twrk.or.kr

**আন্তরিক ভাবে প্রার্থনা করছি।**

১। হে সর্বশক্তিমান ঈশ্বর, সৌদি আরবের আশাময়ী নারী দলটির মধ্যে গভীর আবেগ এবং অধ্য।বসায় দাও যেন তারা অবিরত আশাপূর্ণ বাণী অবিরত পৌঁছে দিতে পারে। (২থিষ ৩:১৩)

২। যেহেতু মধ্যপ্রাচ্যে ঘরভাড়া এবং খাদ্য দ্রব্যের মূল্য অত্যধিক বৃদ্ধি পাচ্ছে সেহেতু সন্তানসহ একক মহিলারা তাদের প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয় করার জন্য অর্থ পরিশোধ করতে পারছে না। হে প্রভু, এই মহিলাদের এবং শিশুদের জন্য প্রয়োজনীয় দ্রব্যগুলির জোগানের ব্যবস্থা করে দাও। (ফিলিপীয় ৪:১৯)

৩।হে প্রভু, আমরা জানি যে তুমি গভীর দুঃখ পাও যখন অর্থনৈতিক অবস্থার জন্য ক্রমবর্দ্ধমান ভাবে তাদের জীবনের পুরুষদের দ্বারা লেবাননের মহিলারা এবং শিশুরা অত্যাচারিত হয়। অনুগ্রহ করে তাদের সুরক্ষিত করো। (গীত ৯:৯)

৪। হে পিতা, সৌদি আরবের খ্রীষ্টান মহিলাদের তোমার শান্তি এবং প্রজ্ঞা দাও যারা সংরক্ষিত সমাজগুলিতে জীবনযাপন করে যেখানে তারা তাদের ধর্মীয় বিশ্বাস ঘোষণা করতে পারে না। (গীত ১১৮:৬)

৫। হে প্রভু, মধ্যপ্রাচ্যের বহিষ্কৃত পরিবারগুলিকে উৎসাহিত করো এবং তাদের কাছে তোমার আশা প্রকাশ করো যেহেতু তারা অন্য দেশগুলির অর্ন্তভূক্ত হয়েছে। (দ্বি:বি: ১০:১৯)

৬। হে পিতা, সিরিয়ার মহিলাদের কাছে পৌঁছাও যারা গত ১১ বছর যাবৎ শরনার্থী শিবিরে জীবন যাপন করছে; তোমাতে আশা খুঁজে পেতে তাদের সাহায্য করার জন্য আশাময়ী নারী দলটিকে ব্যবহার করো। (রোমীয় ১৫:১৩)

৭। হে ঈশ্বর, মধ্যপ্রাচ্যের বিধবাদের জোগান দাও কারণ তারা খুব কম মজুরী পায় এবং তাদের পরিবারগুলির দ্বারা সাহায্য পায় না। তোমার শক্তিতে এই মহিলাদের শক্তি দাও। (যিশাইয় ৪১:১০)

৮। হে পিতা, মধ্যপ্রাচ্যে যারা দুরারোগ্য ব্যধিতে ভুগছে তাদের তোমার ক্ষমতায় শক্তিশালী করো এবং তাদেরকে আত্মিক এবং শারীরিক আরোগ্য দাও কারণ তারা ওষুধের দাম শতকরা ৩০০ ভাগ বৃদ্ধি পাওয়ায় ওষুধ কিনতে পারে না। (যিরমিয় ১৭:১৪)

৯। পরিবারের "সম্মান রাখতে" মধ্যপ্রাচ্যে বছরে পাঁচ হাজার মহিলাদের হত্যা করা হয় এমনকি যখন তারা যৌন অত্যাচারে বিপন্ন হয়ে থাকে। হে ঈশ্বর, এই নিদারুণ নিষ্ঠুরতার পরিসমাপ্তি ঘটানোর জন্য তাদের হৃদয়ে সাংস্কৃতিক পরিবর্তন আনো। (১ তীমথিয় ২:১-২)

১০। হে প্রভু, সৌদি আরবে খ্রীষ্টিয় বিবাহগুলিকে শক্তিশালী কর। পুরুষদের সমস্ত রকমের প্রলোভনকে প্রতিরোধ করতে উৎসাহিত কর এবং তাদের পরিবারগুলির মধ্যে এবং মণ্ডলীর মধ্যে শক্তিশালী নেতা হতে সাহায্য করো। (১ তীমথিয় ৩:২-৫)

১১। হে প্রভু, পতিত এবং নিঃসঙ্গ মহিলাদের কাছে পৌঁছানোর জন্য কীভাবে বিভিন্ন প্রচার মাধ্যম হাতিয়ারগুলি ব্যবহার করতে হবে সেই বিষয়ে আমাদের আরবের পরিচর্যা দলটিকে সৃজনশীলতা দাও। (মার্ক ১৬:১৫)

১২। হে সর্বশক্তিমান ঈশ্বর, বেকারত্ব এবং দারিদ্রের সম্মুখীন গ্রামীন তিউনেশিয়ার মহিলাদের প্রয়োজনগুলির জোগান দাও। প্রভাবশালী কর্মাধ্যক্ষদের এই সমস্যাগুলি নিয়ে বক্তৃতা দিতে এবং কার্যকরী সমাধানগুলি খুঁজে বের করার জন্য প্রজ্ঞা দাও। (গীত ৬৮:১০)

১৩। হে পিতা, খ্রীষ্টকে এবং তাঁর স্বাধীনতা অন্বেষণ করতে মধ্যপ্রাচ্যের মহিলাদের পরিচালিত কর। (যোহন ৮:৩২)

১৪। হে পিতা, মধ্য প্রাচ্যের মহিলাদের এবং তোমার মধ্যে নতুন এবং গভীর সম্পর্ক গড়ে তোলো। আমাদের কর্মীদের তাদের পরিচর্যার ফল দেখতে দাও এবং তোমার প্রজ্ঞা এবং দয়ার দ্বারা তাদের উৎসাহিত কর। (গালাতীয় ৬:৯)

১৫। হে সদাপ্রভু, নতুন নতুন স্থাপিত মণ্ডলীগুলিকে সুরক্ষিত করো যা মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশগুলি থেকে বহিষ্কৃতদের উদ্দেশে পরিচর্যা করে। ঈশ্বরের ভালোবাসা কার্যকরীভাবে সহভাগিতা করতে তাদের সাহায্য করো। (লূক ৯:৬)

১৬। হে ঈশ্বর, আমরা ইয়েমেনের জন্য প্রার্থনা করি যারা তাদের নির্দিষ্ট সাংস্কৃতিক বিশ্বাসগুলির জন্য হিংস্রতার সম্মুখীন হয়। গোপন মণ্ডলীগুলিকে পথ দেখাও যাতে তারা খ্রীষ্টে যে স্বাধীনতা খুঁজে পেয়েছে তা অন্যদের বলে। (২ করিন্থীয় ৩:১৭)

১৭। হে স্বর্গীয় পিতা, অনুগ্রহ করে ইরাকে সেই সমস্ত লোকদের তোলো যারা লিঙ্গ সাম্যতার বিষয়ে ওকালতি করবে। ন্যায্য চাকরীর জন্য পরিবর্তন আনো এবং মহিলাদের বিরুদ্ধে হিংস্রতা হ্রাস করতে সাহায্য করো। (হিতোপদেশ ৩১:৮-৯

১৮। হে ঈশ্বর, আমরা তোমাকে ধন্যবাদ জানাই যে অসংখ্য বিধিনিষেধের পর, সৌদি আরবে আশাময়ী নারী সামাজিক প্রচার মঞ্চ পুনরায় শুরু হয়েছে।অনুগ্রহ করে তাদের অবিরত সুরক্ষা করো। (২ থিষলনীকীয় ৩:৩)SS

১৯। হে পিতা, আলজেরিয়া এবং মরোক্কোর মহিলাদের জন্য তোমাকে ধন্যবাদ দিই যে তারা তোমার কাছে কত গুরুত্বপূর্ণ সেই বিষয়টি তারা শুনছে। তাদের আগ্রহ গড়ে তোলো এবং তাদের জীবন রক্ষা করো। (গীত ৬৩:১)

২০। হে পিতা, মধ্যপ্রাচ্যে আশাময়ী নারী কর্মীদের খ্রীষ্টে ভালোবাসার প্রকৃত অর্থ প্রচার করার জন্য কার্যকরী দুত হতে সাহায্য করো। (রোমীয় ৫:৮)

২১। হে সর্বশক্তিমান ঈশ্বর, অপব্যবহৃত সম্পর্কগুলির মধ্যে যারা আটক হয়ে আছে সেই সমস্ত মধ্যপ্রাচ্যের শরণার্থীদের মুক্ত করো। তাদেরকে আশা এবং স্বাধীনতা দাও যা তোমার কাছ থেকে আসে। (গীত ১১৮:৫)

২২। হে প্রভু, সিরিয়া এবং জর্ডনে পতিতা বৃত্তি ব্যবসা বন্ধ করার জন্য প্রভাবশালী নেতাদের উৎসাহিত করো। আর ফাঁদে পড়া তরুণীদের তোমাতে তাদের প্রকৃত মূল্য জানতে সাহায্য করো। (ইফিষীয় ৩:১৭-১৯)।

২৩। হে প্রভু,দক্ষিণ সুদানের মহিলাদের সুরক্ষিত করো, এবং এই সঙ্কট চলাকালীন তাদের পরিবারগুলির চিকিৎসা সংক্রান্ত প্রয়োজনগুলির তত্ত্ববধান করতে তাদের সাহায্য করো। (গীত ১০৩:২-৩)

২৪। হে স্বর্গীয় পিতা, তুমি আরবের দেশগুলির স্বামীহীন মায়েদের দেখাও যে তুমি তাদের কত ভালোবাসো এবং গ্রাহ্য করো। তারা যেন তোমার মধ্যে মূল্য এবং উৎসাহ খুঁজে পায়। (মথি ১০:৩১)

২৫। হে পিতা, মধ্যপ্রাচ্যের সমস্ত নেতাদের সুরক্ষিত করো যারা তাদের কর্তৃপক্ষদের দ্বারা চাপের মধ্যে আছে। প্রতিদিন তোমার উপস্থিতি অনুভব করতে এই নেতাদের সাহায্য করার বিষয় আমরা তোমার কাছে যাচ্ঞা করি এবং আদালত যেন তাদের অনুকূলে বিচার করে। (যোহন ১৫:১৮)

২৬। হে প্রভু, প্যালেস্টাইনের মহিলাদের সান্ত্বনা দান করো যারা যুদ্ধের কারণে তাদের সন্তানদের হারিয়েছে। ত্রাণকর্তা হিসাবে তাদের কাছে তুমি নিজেকে প্রকাশ করো যাতে তারা তোমার শান্তি অনুভব করতে পারে। (যোহন ১৬:৩৩)

২৭।লিবিয়ার মহিলারা আরব দেশগুলির মধ্যে সব থেকে কম পৌঁছানো একটি দল নিয়ে গঠিত হয়েছে। স্বর্গীয় পিতা, তোমার আশার বাণী শোনার বিষয়ে এই মহিলাদের জন্য বিভিন্ন সুযোগের ব্যবস্থা করে দাও। (কলসীয় ৪:৩)